বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২০/২০১৯ তারিখঃ১২/০৯/২০১৯ খ্রিঃ

***বিষয়ঃ পাট খাতে সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের মঞ্জুরীকৃত ৫.০০ (পাঁচ) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কীম হতে তহবিল বরাদ্দ ও ঋণ বিতরণ প্রসঙ্গে।***

বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ০১/০৯/২০১৯ তারিখে কৃষি ঋণ বিভাগ (বিকেবি শাখা) এর ৪৩৯৩ নং পত্রমূলে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ০৯/০৬/২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ (সংযুক্তি-১) এবং ২৩/০৬/২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ (সংযুক্তি-২) এর আলোকে পাট খাতে সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের মঞ্জুরীকৃত ০৫(পাঁচ) বছর মেয়াদী নবায়ন/ আবর্তনযোগ্য (Revolving) পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় রপ্তানির সাথে সংশ্লিষ্ট পাটকলসমূহের জন্য ২.০০ (দুই) কোটি টাকা এবং পাট ব্যবসায়ীদের জন্য ৩.০০ (তিন) কোটি টাকা; মোট ৫.০০ (পাঁচ) কোটি টাকা মাত্র নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। ০৫/০৯/২০১৯ তারিখে বিকেবি ও বাংলাদেশ ব্যাংকের সাথে এ সংক্রান্ত 'Participation Agreement' স্বাক্ষরিত হয়েছে।

০২। ***ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ***

(ক) রপ্তানির সাথে সংশ্লিষ্ট পাটকলসমূহ (বেসরকারি) যারা সরাসরি কৃষকের নিকট হতে কাঁচা পাট ক্রয় করে;
(খ) রপ্তানির সাথে সংশ্লিষ্ট পাট ব্যবসায়ী যারা সরাসরি কৃষকের নিকট হতে কাঁচা পাট ক্রয় করে;
(গ) ঋণ ম্যানুয়েল এর ২.০১ অনুচ্ছেদ অনুযায়ী।

০৩। ***ঋণের নর্মস ঃ*** ব্যাংকের প্রচলিত নিয়মে।

০৪। ***ঋণের মঞ্জুরি ক্ষমতা/সর্বোচ্চ ঋণসীমা ঃ***

ব্যাংকের প্রচলিত আর্থিক ক্ষমতার আওতায় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক/বিভাগীয় মহাব্যবস্থাপকগণ/প্রধান কার্যালয় কর্তৃক আলোচ্য ঋণ মঞ্জুর করতে পারবেন। এক্ষেত্রে পর্ষদ সচিবালয় বিভাগের পরিপত্র নং-০১/২০১৬ তারিখ ০১/০২/২০১৬ এর অনুচ্ছেদ ২৪ এ বর্ণিত স্বল্প মেয়াদী ঋণ খাতে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করতে হবে।

০৫। ***জামানত/সহায়ক জামানত ঃ***

এ কর্মসূচীর ঋণ ব্যাংকের প্রচলিত নিয়মে গ্রহনযোগ্য জামানত/সহায়ক জামানত যথা-জমি,দালানকোঠা ইত্যাদির এমসিএল দ্বারা আবৃত থাকবে। জামানত হিসাবে কৃষকদের গ্রামীন বসত ভিটা গ্রহনযোগ্য হবে না। তবে সিটি কর্পোরেশন ও পৌর এলাকার পাকা দালানকোঠা সহায়ক জামানত হিসাবে গ্রহন করা যাবে।

০৬। ***ঋণের মেয়াদকাল ঃ***

স্বল্প মেয়াদী বা ১(এক) বছর। ষান্মাসিক ভিত্তিতে সুদারোপ করতে হবে। প্রতি ষান্মাসিকে সুদাসলের একটি নির্দিষ্ট হারে পরিশোধ/সমন্বিত হওয়া সাপেক্ষে ০১ বছর মেয়াদে ঋণ প্রদান করা যাবে। তবে দুটি ষান্মাসিকের আদায়ের আনুপাতিক পরিমাণ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারণ করা যাবে।

০৭। ***সুদের হার ঃ***

এ স্কীমের আওতায় রপ্তানীর সাথে সংশ্লিষ্ট পাটকল/পাট ব্যবসায়ীদের সর্বোচ্চ ৮% সুদে ঋণ বিতরণ করা যাবে। তবে ঋণগ্রহীতা নির্ধারিত সময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অনাদায়ী পরিমাণের জন্য উল্লিখিত হারের পরিবর্তে এ খাতে ব্যাংকের নিয়মিত সুদ হার (বাণিজ্যিক হার) আরোপ করা যাবে। সময়ে সময়ে অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদের হার কার্যকর হবে।

০৮। ***পরিদর্শন ও যাচাই ঃ***

শাখার মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে ঋণের সদ্ব্যবহার, ঋণ হিসাব পরিচালনা, তত্ত্বাবধান ও পরিধারন কার্যক্রম পরিচালনা করবেন। নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ শাখা পরিদর্শনকালে এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণসমূহের মঞ্জুরী ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন। বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে সাইট পরিদর্শনের মাধ্যমে পুনঃঅর্থায়নকৃত অর্থের সদ্ব্যবহার যাচাই করবে। সংশ্লিষ্ট শাখাকে বাংলাদেশ ব্যাংকের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন সরবরাহ করতে হবে।

চলমান পাতা-০২

০৯। ***বাজেট বরাদ্দ ঃ***

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বেসরকারি পাটকলসমূহের জন্য ২.০০ (দুই) কোটি টাকা এবং পাট ব্যবসায়ীদের জন্য ৩.০০ (তিন) কোটি টাকা বাজেটসহ মোট বরাদ্দকৃত ০৫(পাঁচ) কোটি টাকা ০১(এক) বছর মেয়াদে আবর্তনযোগ্য। প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে মঞ্জুরিকৃত ঋণ বিতরণযোগ্য হবে।

১০। ***ঋণের আবেদন ফি/ঋণ মঞ্জুরি ঃ***

ব্যাংকের প্রচলিত বন্ধকি ঋণের আবেদন ফরম এলএফ-২ ব্যবহার করতে হবে। প্রচলিত নিয়ম/চেক লিস্ট অনুযায়ী সকল তথ্য/কাগজপত্র গ্রহন ও সরজমিনে তদন্তপূর্বক মূল্যায়ন করে ঋণ মঞ্জুরীর ব্যবস্থা করতে হবে। তাছাড়া এতদসংক্রান্ত বিষয়ে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুসৃত হবে।

১১। ***পুনঃঅর্থায়ন আবেদন পদ্ধতি ঃ***

মঞ্জুরি ও বিতরণ বিবরণী এবং এ সংক্রান্ত সনদপত্র পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে ক্রেডিট বিভাগ-১ এ প্রেরণ করতে হবে (সংযুক্ত ছক)। মাঠ কার্যালয় হতে বিবরণী পাওয়ার পর বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন সুবিধা দাবি করতে হবে।

- ⇨ পুনঃঅর্থায়ন দাবী পেশ প্রসঙ্গে আবেদন;
- ⇨ প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র;
- ⇨ রপ্তানীর সাথে সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী পাটকল এবং পাট ব্যবসায়ীদেরকে কাঁচা পাট ক্রয়ের নিমিত্ত প্রদত্ত স্বল্পমেয়াদী ঋণের সমন্বিত বিবরণী;
- ⇨ বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ৩০০.০০ (তিনশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় মাঠপর্যায়ে কাঁচা পাট ক্রয়ের স্বপক্ষে বিস্তারিত বিবরণী।

১২। ***অন্যান্য শর্তাবলিঃ***

(ক) আলোচ্য তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংক এর সাথে খসড়া অনুযায়ী 'Participation Agreement' স্বাক্ষর করতে হবে;

(খ) আবর্তনযোগ্য পুনঃঅর্থায়ন স্কীমটির মেয়াদ ৫ (পাঁচ) বছর বিধায় বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ অনুযায়ী সর্বশেষ ২২ জুন, ২০২৪ তারিখের মধ্যে স্কীমটির যাবতীয় কার্যক্রম (পুনঃঅর্থায়ন গ্রহণ/পরিশোধ) সম্পন্ন করতে হবে;

(গ) রপ্তানি সংশ্লিষ্ট পাটকল এবং পাট ব্যবসায়ীদেরকে প্রদত্ত ঋণের বিপরীতে আলোচ্য তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে। *পাট ক্রয় বাবদ ঋণ প্রদান ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এ স্কীমের অর্থ উত্তোলন করা যাবে না।* প্রস্তাবিত পুনঃঅর্থায়ন তহবিল রপ্তানীর সাথে জড়িত সকল পাটকল/পাট ব্যবসায়ীদের জন্য উন্মুক্ত থাকবে এবং কৃষকদের নিকট থেকে পাট ক্রয় বাবদ ঋণ প্রদান ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে এই স্কীমের অর্থ উত্তোলন করা যাবে না;

(ঘ) গ্রাহক পর্যায়ে ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করবে এবং প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ঋণের পৃথক হিসাব সংরক্ষণ করতে হবে;

(ঙ) বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর প্রচলিত ব্যাংক রেটে (যা সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে) সুদ আরোপ করা হবে;

(চ) বাংলাদেশ ব্যাংকে থেকে গৃহীত পুন:অর্থায়ন ঋণ অংশগ্রহণকারী ব্যাংক সুদসহ বৎসরান্তে বাংলাদেশ ব্যাংককে ফেরৎ প্রদান করবে এবং সুদের হিসাবায়ন ষান্মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে হবে এবং সমুদয় বকেয়া পরিশোধিত/সমন্বিত হওয়া সাপেক্ষে বাৎসরিক ভিত্তিতে নির্ধারিত বরাদ্দ স্থিতির বিপরীতে স্কীমের মেয়াদকালীন সময়ে পুনঃঅর্থায়ন ঋণ সুবিধা আবর্তনযোগ্য;

(ছ) ঋণের বকেয়া নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধিত না হলে বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত চলতি হিসাব বিকলন করে তা আদায়/সমন্বয় করা হবে;

(জ) গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকের ওপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না;

(ঝ) ঋণ বিতরণ, আদায় এবং সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। বাংলাদেশ ব্যাংক সময় সময় অত্র কর্মসূচীর আওতাধীন ব্যাংক শাখা এবং সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার কার্যক্রম পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের মনিটরিং এবং মূল্যায়ন করবে;

(ঞ) এই স্কীমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোন অংশ সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে বাংলাদেশ ব্যাংক সে পরিমাণ অর্থের উপর ব্যাংক রেট হতে ৫% অধিক হারে সুদ আদায় করবে;

চলমান পাতা-০৩

(ট) উপরোক্ত পুনঃঅর্থায়নের ক্ষেত্রে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় তথ্য, কাগজপত্র এবং দলিলাদির কপি বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করতে হবে;

(ঠ) রপ্তানির সাথে সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি পাটকল এবং পাট ব্যবসায়ীদেরকে কাঁচা পাট ক্রয় বাবদ ঋণ বিতরণ করে বিতরণ পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে নিম্নোক্ত তথ্য/কাগজপত্রসহ সংযুক্ত নমুনা মোতাবেক ক্রেডিট বিভাগ-১, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর পুনঃঅর্থায়ন দাবী পেশ করতে হবে-

- বরাদ্দকৃত সীমার বিপরীতে পুনঃঅর্থায়ন ঋণ উত্তোলনের আবেদনপত্র (নমুনা সংযুক্ত) ;
- গ্রাহকের আবেদনপত্র এবং গ্রাহকের অনুকূলে ঋণ সীমা মঞ্জুরীপত্রের কপি ;
- গ্রাহক পর্যায়ে প্রকৃত ঋণ প্রদান সংক্রান্ত সনদপত্র (নমুনা সংযুক্ত) ;
- ঋণ প্রদানের সমন্বিত বিবরণী (নমুনা সংযুক্ত) ;
- আবেদনকৃত অর্থ সুদসহ পরিশোধের বিষয়ে প্রতিশ্রুতিপত্র (নমুনা সংযুক্ত) ;
- মাঠ পর্যায়ে কাঁচা পাট ক্রয়ের বিস্তারিত বিবরণী (নমুনা সংযুক্ত) ;
- লেটার অব কনটিনিউটি।

(ড) আলোচ্য তহবিলের আওতায় বরাদ্দের তারিখ হতে ০৬(ছয়) মাসের মধ্যে অর্থ উত্তোলনে ব্যর্থ হলে উক্ত অ-উত্তোলিত (সমুদয়/আংশিক) অর্থের বরাদ্দ বাতিল হবে;

(ঢ) পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত শর্তাদির বিষয়ে প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে;

(ণ) স্কীমের মেয়াদ ২২ জুন, ২০২৪ পর্যন্ত বিবেচনা করতঃ এ সময়ের মধ্যে স্কীমের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(ত) ব্যাংক সর্বোচ্চ ৮% (৫% ব্যাংক রেট + সর্বোচ্চ ৩%) হারে গ্রাহক পর্যায়ে ০১(এক) বছর মেয়াদের জন্য ঋণ বিতরণ করে প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থসংস্থান দাবী করবে;

(থ) গ্রাহক পর্যায়ে বাৎসরিক মেয়াদে প্রদেয় ঋণ চক্রবৃদ্ধিহারে প্রতি ষান্মাসিকে সুদাসলে একটি নির্দিষ্ট হারে পরিশোধ/সমন্বিত হতে হবে। তবে দুটি ষান্মাসিকের কোন অংশে কতটুকু আদায় করবে তা ব্যাংক বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেইস-টু-কেইস ভিত্তিতে বিবেচনা করবে। গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায় দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকের ওপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না। তবে ঋণগ্রহীতা নির্ধারিত সময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অনাদায়ী পরিমাণের জন্য নির্ধারিত সুদ ৮% এর পরিবর্তে এ খাতে ব্যাংকের নিয়মিত সুদ হার (বাণিজ্যিক হার) আরোপ করা যাবে;

(দ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাৎসরিক মেয়াদে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধা (তহবিল) মেয়াদ পূর্তির পর ষান্মাসিক চক্রবৃদ্ধি হারে সুদসহ বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে। ঋণের বকেয়া নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধিত না হলে বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সাধারণ হিসাব ডেবিট করে তা আদায়/সমন্বয় করা হবে;

(ধ) রপ্তানীর সাথে জড়িত সংশ্লিষ্ট পাটকল/পাট ব্যবসায়ীরা যাতে এই স্কীমের আওতায় ঋণ পান এবং ঋণের অর্থ যাতে পাট ও পাটজাত পণ্য রপ্তানীর উদ্দেশ্যে পাট চাষীদের নিকট হতে পাটক্রয় বাবদ ব্যয় হয় সে বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক নিশ্চিত করবে। এই স্কীমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোন অংশ সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থের উপর ব্যাংক রেট হতে ৫% অধিক হারে সুদ আদায় করা হবে।

১৩। মঞ্জুরি ও বিতরণ পরবর্তী সকল তথ্যাবলী ক্রেডিট বিভাগ-১ এ ঋণ প্রদানের বিবরণী ও এ সংক্রান্ত সনদপত্র পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে প্রেরণ করতে হবে (সংযুক্ত ছক মোতাবেক)। মাঠ কার্যালয় হতে বিবরণী পাওয়ার পর বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে হবে। পুনঃঅর্থায়ন দাবী, ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র এবং বিবরণী প্রেরণের ছক যথাক্রমে সংযুক্তি-০৩, ০৪ ও ০৫ এ সংযুক্ত করা হলো। নির্ধারিত সময়ে বিবরণী ও তথ্য প্রেরণ না করা হলে পুনঃঅর্থসংস্থান প্রাপ্তিতে জটিলতার সৃষ্টি হলে তাঁর দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

চলমান পাতা-০৪

১৪। এছাড়া, ব্যাংক শাখাসমূহ এ খাতে বিতরণ/আদায়কৃত ঋণের তথ্যাদি সংরক্ষণ করবে। এ কর্মসূচির আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের শাখা/অঞ্চলওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত ছকে মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগ-১ এ প্রেরণ করতে হবেঃ

(লক্ষ টাকায়)

| শাখার নাম/অঞ্চল | ঋণ বিতরণ | | আদায়যোগ্য ঋণ | | আদায়কৃত ঋণ | | শ্রেণীকৃত ঋণ | | অনাদায়ী ঋণস্থিতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| | | | | | | | | | | |

১৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের মঞ্জুরীকৃত ৩০০.০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় স্বল্পমেয়াদে খাতওয়ারী বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা ঋণ সীমা হতে ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের নিমিত্তে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পালন সাপেক্ষে কর্মকান্ডে ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হল।

১৬। এ বিষয়ে কোন প্রকার সংশয় থাকলে ক্রেডিট বিভাগ-১, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

*সংযুক্তিঃ ০৭ (সাত) পাতা।*

১২/০৯/২০১৯

(মনির উদ্দিন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৪৭১১৫৩৪৪

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/পাট-১(১৩)/২০১৯-২০/১৪৯(১২৫০)

তারিখঃ ১২/০৯/২০১৯

*সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ*

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, বিকেবি, ষ্টাফ কলেজ, প্লট নং-৩, ব্লক নং-এ, সেকশন নং-১৩, প্রধান সড়ক, মিরপুর, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/সকল কর্পোরেট শাখাসমূহ।
৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
৯। সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি / মহানথি।

১২/০৯/২০১৯

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ১১

তারিখ ঃ জুন ০৯, ২০১৪ / জ্যৈষ্ঠ ২৬ , ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পাট খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ২০০ (দুইশত) কোটি টাকার**
**পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) পরিচালনার নীতিমালা।**

বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের ৩৫১ তম সভার অনুমোদনক্রমে পাট খাতে সহায়তা প্রদানের জন্য বিশেষ করে কৃষকদের নিকট থেকে পাট ক্রয়ের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনধিক ২০০ (দুইশত) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন করা হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন স্কীম পরিচালনায় নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে ঃ-

(ক) সূচনা ঃ

i. এ স্কীমের নাম হবে "পাট খাতে সহায়তা প্রদানে গঠিত পুনঃঅর্থায়ন স্কীম";
ii. প্রস্তাবিত পুনঃঅর্থায়ন তহবিল রপ্তানীর সাথে জড়িত/সংশ্লিষ্ট সকল পাটকল/পাট ব্যবসায়ীদের জন্য উন্মুক্ত থাকবে এবং সরকারী পাটকলগুলোর জন্য তহবিলের ৪০ শতাংশ, বেসরকারী পাটকলগুলোর জন্য ৪০ শতাংশ এবং কাঁচা পাট ব্যবসায়ী/রপ্তানিকারকদের জন্য ২০ শতাংশ নির্ধারিত রাখা হবে। সরকারী পাটকলগুলোর জন্য তহবিলের নির্ধারিত ৪০ শতাংশ এর সম্পূর্ণ/আংশিক ব্যবহৃত না হলে তা বেসরকারী পাটকলগুলোর জন্য বরাদ্দ করা হবে;
iii. বাংলাদেশ ব্যাংক এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় তফসিলী ব্যাংকগুলো এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করবে;
iv. এ তহবিলের সামগ্রিক তদারকি/পরিচালনা/ব্যবস্থাপনার কাজ বাংলাদেশ ব্যাংক এর কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ কর্তৃক সম্পাদিত হবে।

(খ) ঋণের মেয়াদ ঃ

i. নবায়ন/আবর্তনযোগ্য (revolving) এ স্কীমের মেয়াদ হবে ৫ বছর।

(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

i. রপ্তানির সাথে জড়িত/সংশ্লিষ্ট সকল পাটকল/পাট ব্যবসায়ীদের জন্য এ তহবিল উন্মুক্ত থাকবে। কৃষকদের নিকট থেকে পাটক্রয় বাবদ ঋণ প্রদান ব্যতিত ব্যাংকগুলো কর্তৃক অন্য কোন উদ্দেশ্যে এ স্কীমের অর্থ উত্তোলনের সুযোগ থাকবে না;
ii. ঋণ বিতরণের বিষয়টি ব্যাংকে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করবে।

(ঘ) ঋণের সুদের হার ঃ

i. এ স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে প্রযোজ্য সুদের হার হবে ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%। তবে ঋণগ্রহীতা নির্ধারিত সময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অনাদায়ী পরিমাণের জন্য উল্লেখিত হারের পরিবর্তে এ খাতে ব্যাংকের নিয়মিত সুদ হার (বাণিজ্যিক হার) আরোপ করা যাবে;
ii. বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংকগুলো কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর প্রচলিত ব্যাংক রেটে (যা সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে) সুদ আরোপ করা হবে।

চলমান পাতা-২

**(ঙ) ঋণের জন্য আবেদনের পদ্ধতি ঃ**

i. সংশ্লিষ্ট ব্যাংক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ করে নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রসহ নির্ধারিত ছকে মহাব্যবস্থাপক, কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ, বাংলাদেশ ব্যাংক এর নিকট পুনঃঅর্থসংস্থান দাবী দাখিল করবে ঃ
- প্রকৃত বিতরণ সংক্রান্ত সনদপত্র;
- এ খাতে ঋণ বিতরণের সমন্বিত বিবরণী;
- আবেদনকৃত অর্থ সুদসহ পরিশোধের ব্যাপারে প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট) ও লেটার অব কনটিনিউটি;
- প্রয়োজনীয় নিয়মানুযায়ী অন্যান্য কাগজাদি।

**(চ) পরিশোধসূচী ও আদায় ঃ**

i. প্রতি ত্রৈমাসিকে সুদাসলের নির্দিষ্ট হারে পরিশোধ/সমন্বিত হওয়া সাপেক্ষে ব্যাংক এক বছর মেয়াদের জন্য পাট ও পাট পণ্য রপ্তানীর লক্ষ্যে কৃষকদের নিকট হতে পাটক্রয় বাবদ পাটকল/পাট ব্যবসায়ীদের ঋণ প্রদান করবে এবং প্রতি বছর সমুদয় বকেয়া (সুদ ও আসল) পরিশোধিত/সমন্বিত হওয়া সাপেক্ষে নির্ধারিত মেয়াদ (৫ বছর) এর মধ্যে বাৎসরিক ভিত্তিতে নবায়ন করা যাবে;

ii. তহবিলের মেয়াদ পূর্তির পর সুদসহ (ত্রৈমাসিক চক্রবৃদ্ধি হারে) গৃহীত আসলের সমুদয় অর্থ বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে। এছাড়া মেয়াদপূর্তির আগেই যেসকল ঋণ হিসাব পরিশোধ/সমন্বিত হবে সেসকল ঋণ সমন্বয় পরবর্তী ১ মাসের মধ্যে সুদাসলে বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে;

iii. ঋণের বকেয়া নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধিত না হলে বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সাধারণ হিসাব ডেবিট করে তা আদায়/সমন্বয় করা হবে;

iv. গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকের ওপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না।

**(ছ) ঋণের সদ্ব্যবহার ঃ**

i. রপ্তানীর সাথে জড়িত/সংশ্লিষ্ট পাটকল/পাট ব্যবসায়ীরা যাতে এই স্কীমের আওতায় ঋণ পান এবং ঋণের অর্থ যাতে পাট ও পাটজাত পণ্য রপ্তানীর উদ্দেশ্যে পাট চাষীদের নিকট হতে পাটক্রয় বাবদ ব্যয় হয় সে বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক নিশ্চিত করবে। এই স্কীমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোন অংশ সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থ ব্যাংক রেট হতে ৫% অধিক হারে আদায় করা হবে।

**(জ) অন্যান্য ঃ**

i. চাহিদার তুলনায় তহবিল অপ্রতুল বিধায় তহবিলের সুষম বন্টনের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ এবং সংশ্লিষ্ট ব্যাংকগুলো বিশেষ দৃষ্টি প্রদান করবে;

ii. পাটকল/পাট ব্যবসায়ীগণ সংশ্লিষ্ট ব্যাংক বরাবরে ঋণ গ্রহণের ইচ্ছা প্রকাশ করে আবেদন করবে; বাংলাদেশ ব্যাংকের নিকট থেকে তহবিলের প্রাপ্যতাসীমা (Fund availability limit) বিবেচনা সাপেক্ষে ব্যাংক ঋণ বিতরণ করবে; ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক প্রচলিত বিধি-বিধান অনুসরণ করবে;

iii. ঋণ বিতরণ, আদায় এবং সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটরিং এর মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংক নিশ্চিত করবে। বাংলাদেশ ব্যাংক সময় সময় অত্র কর্মসূচীর আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং সংশ্লিষ্ট ঋণগ্রহীতার কার্যক্রম পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের মনিটরিং এবং মূল্যায়ন করবে;

iv. এছাড়াও উপরোক্ত পুনঃঅর্থায়নের ক্ষেত্রে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের চাহিদার প্রেক্ষিতে ব্যাংক প্রয়োজনীয় তথ্য, কাগজপত্র এবং দলিলাদির কপি বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করবে। পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লেখিত শর্তাদির বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করতে পারে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নাসিরুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২।

সংযুক্তিঃ ০২

website: www.bangladeshbank.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা ।**

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩

তারিখ ঃ জুন ২৩, ২০১৯
আষাঢ় ০৯ , ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পাট খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ জুন ০৯, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পাট খাতে সহায়তা প্রদানের জন্য বিশেষ করে কৃষকদের নিকট থেকে পাট ক্রয়ের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৪ সালে ০৫ বছর পর্যন্ত নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) অনধিক ২০০ (দুইশত) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন করা হয় এবং সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে উক্ত স্কীম পরিচালনার নীতিমালা জারী করা হয়। এক্ষণে, উক্ত পুনঃঅর্থায়ন স্কীমের (Refinance Scheme) পরিমাণ আরও ১০০ (একশত) কোটি টাকা বৃদ্ধি করে ৩০০ (তিনশত) কোটি টাকায় উন্নীত করার এবং তহবিলটির মেয়াদ পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এক্ষেত্রে ব্যাংকগুলো ব্যাংক হারে (Bank Rate) এ অর্থ পাবে এবং ব্যাংক সর্বোচ্চ ৮% (শতকরা আট ভাগ) সুদহারে প্রতি ষান্মাসিকে সুদাসলের একটি নির্দিষ্ট হারে পরিশোধ/সমন্বিত হওয়া সাপেক্ষে পাটকল/পাট রপ্তানিকারকদের ঋণ প্রদান করবে।

০৩। উল্লিখিত পরিবর্তনসমূহ ব্যতীত বিআরপিডি সার্কুলার নং- ১১/২০১৪ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবাশীষ চক্রবর্তী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৩৬

(নমুনা কপি) সংযুক্তিঃ ০৩

মহাব্যবস্থাপক
কৃষি ঋণ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

*বিষয় ঃ পুনঃঅর্থায়ন দাবী পেশ প্রসঙ্গে।*

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ে আপনাদের ---/---/২০১৯ তারিখের এসিডি(বিকেবি)৯৯৯(১৯)(১)/২০১৯-------নম্বর বরাদ্দপত্র এবং আপনাদের সাথে আমাদের ----/-----/২০১৯ তারিখে স্বাক্ষরিত চধৎঃরপরঢ়ধঃরড়হ অমৎববসবহঃ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত পত্র এবং চধৎঃরপরঢ়ধঃরড়হ অমৎববসবহঃ এর সূত্রে পাট খাতে সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের মঞ্জুরীকৃত ৫ বছর মেয়াদী নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) ৩০০.০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ----/-----/------- তারিখ হতে ----/-----/------- তারিখ পর্যন্ত সময়ে রপ্তানির সাথে সংশ্লিষ্ট সরকারী পাটকলসমূহে ........কোটি টাকা, বেসরকারী পাটকলসমূহে ........কোটি টাকা এবং পাট ব্যবসায়ীদেরকে ........কোটি টাকা; মোট .......কোটি টাকা (কথায়...................................কোটি টাকা) বরাদ্দপত্রের শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রদান করা হয়েছে। (ঋণ প্রদানের বিবরণী ও এ সংক্রান্ত সনদপত্র সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত বরাদ্দপত্র এবং Participation Agreement এর শর্ত মোতাবেক স্বল্পমেয়াদে (এক বছর) --- ------------ কোটি টাকা আপনাদের সাথে রক্ষিত আমাদের চলতি হিসাবে পুনঃঅর্থায়ন বাবদ অবমুক্ত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। শর্ত মোতাবেক প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রাদি এ সঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

তারিখ ঃ
সংযুক্তি ঃ (বর্ণনা মোতাবেক)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
বাংলাদেশ কৃষি ব্যাংক

(নমুনা কপি)



(লেটার হেড প্যাড)

# প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, পাট খাতে সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের মঞ্জুরীকৃত ৫ বছর মেয়াদী নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) ৩০০.০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ......................ব্যাংক কর্তৃক ----/----/---- তারিখ হতে ----/----/--- তারিখ পর্যন্ত সময়ে রপ্তানির সাথে সংশ্লিষ্ট সরকারী পাটকলসমূহের জন্য ........কোটি টাকা, বেসরকারী পাটকলসমূহের জন্য ........কোটি টাকা এবং পাট ব্যবসায়ীদের জন্য ........কোটি টাকা; মোট .......কোটি টাকা (কথায়..............................টাকা মাত্র) বাংলাদেশ ব্যাংক ও ....................ব্যাংক এর মধ্যে ----/-----/------- তারিখে সম্পাদিত Participation Agreement এবং ----/----/২০১৯ তারিখের এসিডি(বিকেবি)৯৯৯(১৯)(১)/২০১৯- নম্বর পত্রের শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রকৃত ঋণ গ্রহীতাদেরই এ ঋণ প্রদান করা হয়েছে।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

তারিখ ঃ------------------

(সীল)

(নমুনা কপি)

সংযুক্তিঃ ০৫(০১)

## রপ্তানীর সাথে সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী পাটকল এবং পাট ব্যবসায়ীদেরকে কাঁচা পাট ক্রয়ের নিমিত্ত প্রদত্ত স্বল্পমেয়াদী ঋণের সমন্বিত বিবরণী ঃ

ব্যাংকের নাম ঃ

বিতরণের সময়কাল ঃ

(কোটি টাকায়)

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের প্রকৃতি (সরকারী/বেসরকারী পাটকল/ পাট ব্যবসায়ী) | হিসাব নম্বর | ঋণের প্রকৃতি | ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সীমা | মঞ্জুরীর তারিখ | মেয়াদ | মঞ্জুরীকৃত অর্থের বিপরীতে ছাড়কৃত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

## বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ৩০০.০০ (তিনশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় মাঠপর্যায়ে কাঁচা পাট ক্রয়ের স্বপক্ষে বিস্তারিত বিবরণীঃ

| *ক্রমিক নং* | *ক্রয়ের তারিখ* | *চালান/ইনভয়েস নম্বর* | *বিক্রেতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর* | *ক্রয়কৃত পাটের পরিমাণ (মণ)* | *ক্রয়কৃত পাটের মূল্য (লক্ষ টাকায়)* | *মন্তব্য (যদি থাকে)* |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

-------------------------

*দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর*

(প্রতিস্বাক্ষরিত)

-------------------------

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

বাংলাদেশ কৃষি ব্যাংক